

# Visit of Deputy Prime Minister and Foreign Minister of Namibia to India (July 17-21, 2022)

July 20, 2022

## নামিবিয়ার উপ প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রীর ভারত সফর (জুলাই 17-21, 2022)

জুলাই 20, 2022

উপ প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতি নেতুশ্বো নাল্ডি দায়িতওয়াহ, ভারত-আফ্রিকা গ্রোথ পার্টনারশিপের উপরে 17তম সি আই আই এক্সিম ব্যাঙ্ক কনক্লেভে যোগদান করতে এবং ভারত ও নামিবিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বৈঠকে যোগদানের জন্য 17-21শে জুলাই 2022 তারিখে ভারত সফর করেছেন।

উপ প্রধানমন্ত্রী তার সফরকালে, ভারতের প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করছেন। তিনি পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ডঃ এস জয়শংকর, বান ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী শ্রী ভূপিন্দর যাদবের সাথে দ্বিপাক্ষিক সম্পর্কের বিস্তৃত আলোচনা করেছেন। সফরকালে তিনটি পারস্পরিক সমঝোতাপত্র(মৌ) সাক্ষরিত হয়েছে, সেগুলি হল, (ক) “বন্যপ্রাণী সংরক্ষণ এবং ভারত ও নামিবিয়ার মধ্যে স্থিতিশীল জৈব বৈচিত্র্য ব্যবহার। (খ) “কূটনৈতিক মিশনে কর্মরত সদস্যদের স্ত্রী এবং নির্ভরশীলদের লাভজনক কর্মসংস্থানে অনুমোদনের বিষয়ে ভারত ও নামিবিয়ার মধ্যে চুক্তি। এবং (গ) ভারতের ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ইউনিভার্সিটি( এনএফএসইউ) ও নামিবিয়ার পুলিশ ফরেনসিক সায়েন্স ইন্সটিটিউটের( এনপিএফএসআই) মধ্যে মৌ চুক্তি।

19শে জুলাই 2022 তারিখে সিআইআই এক্সিম ব্যাঙ্ক কনক্লেভের উদ্বোধনে সফররত উপপ্রধানমন্ত্রী তার বক্তব্য রাখেন। কনক্লেভের ফাঁকে, 20শে জুলাই 2022 তারিখে, নামিবিয়ার সাথে ব্যবসা করার উপরে একটি দেশীয় অধিবেশন অনুষ্ঠিত হয়, যেখানে উল্লেখযোগ্য ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন। সফররত উপপ্রধানমন্ত্রী, অন্যান্য গুলি সহ ক্ষুদ্র শিল্প, পুনর্নবীকরণ শক্তি, কৃষি যন্ত্রপাতি ও প্রযুক্তি, স্টার্ট আপস এবং প্রতিষেধক তৈরি সহ অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে ঘিরে বৈঠকও করেছেন।

আশা করা যায় যে, নামিবিয়ার উপ প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রীর সফরটি দুইদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের মধ্যে মজবুত প্রেরণা জোগাবে।

নিউ দিল্লি

জুলাই 20, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

